

# Deployment of a technical team in Embassy of India, Kabul

June 23, 2022

## কাবুলের ভারতীয় দূতাবাসে টেকনিক্যাল টিম প্রেরণ জুন 23,2022

আফগান জনগণের সাথে ভারতের ঐতিহাসিক এবং সভ্যতাগত ভাবে সম্পর্ক রয়েছে।

কাছ থেকে ভালোভাবে পর্যবেক্ষণ করার জন্য এবং কার্যকারী ভাবে মানবিক সহায়তা পৌঁছানোর জন্য বিভিন্ন সংস্থা যে প্রচেষ্টা চালাচ্ছে, তার মধ্যে সমন্বয় সাধন করতে এবং আফগান জনগণের প্রতি অঙ্গীকারের ধারাবাহিকতা অক্ষুণ্ণ রাখতে ভারতীয় টেকনিক্যাল টিম আজ কাবুলে পৌঁছেছে এবং তারা দূতাবাসে থেকে কাজ করবে।

আমাদের প্রদেয় মানবিক সহায়তা ঠিকঠাক পৌঁছানোর কাজ দেখভাল করার জন্য সম্প্রতি আর একটি টিম কাবুলে গিয়েছিল এবং সফরকালে তারা উচ্চপদস্থ তালিবানদের সাথে সাক্ষাৎ করেছিল। সফরকালে তারা নিরাপত্তা পরিস্থিতিও পর্যবেক্ষণ ও তার রূপ নির্ধারণ করেছিল।

আফগান সমাজের সঙ্গে আমাদের দীর্ঘকালীন যোগাযোগ এবং আফগান জনগণকে মানবিক সহায়তা প্রদান সহ উন্নয়নে অংশীদারিত্ব, এগিয়ে চলার ক্ষেত্রে আমাদের পথনির্দেশ করবে।

**নিউদিল্লি**

**জুন 23,2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.